



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
শিক্ষা মন্ত্রণালয়
আইন শাখা-১
পরিবহন পুল ভবন (কক্ষ নং-৯১২)
সচিবালয় লিংক রোড, ঢাকা
www.tmed.gov.bd

নং- ৫৭.০০.০০০০.০৪৬.৯৯.০০২.২০-৩২৬/১

তারিখঃ ১১ কার্তিক, ১৪২৭ বঃ
২৭ অক্টোবর, ২০২০ খ্রি.

বিষয়ঃ রাঙ্গামাটি জেলার কাউখালী উপজেলাধীন পোয়াপাড়া সরকারি মডেল হাই স্কুল এর সপ এ্যাসিস্ট্যান্ট (বিশিষ্ট মেইনটেন্যান্স) জনাব আলী ইবনে আব্বাস এবং (২) কুমিল্লা জেলার দেবীদ্বার উপজেলাধীন দেবীদ্বার রিয়াজ উদ্দিন পাইলট মডেল সরকারি হাই স্কুল এর সপ এ্যাসিস্ট্যান্ট (জেনারেল মেকানিক্স) জনাব রুহুল আমিন সরকার দ্বয়ের পক্ষে বিজ্ঞ আইনজীবী কর্তৃক প্রেরিত উকিল নোটিশ সংক্রান্ত।

সূত্রঃ (১) বিজ্ঞ আইনজীবী কর্তৃক প্রেরিত উকিল নোটিশ, তারিখ: ২৬/০৯/২০২০ খ্রি।
(২) শিক্ষা মন্ত্রণালয়ের স্মারক নং- শিম/শা:১৫/প.প-২/২০০৮ (অংশ-১).৬৯২ তারিখ: ২০/১১/২০০৮ খ্রি।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ১নং নোটিশ প্রেরণকারী জনাব আলী ইবনে আব্বাস রাঙ্গামাটি জেলার কাউখালী উপজেলাধীন পোয়াপাড়া মডেল হাই স্কুল-এ সপ এ্যাসিস্ট্যান্ট (বিশিষ্ট মেইনটেন্যান্স) পদে এবং ২নং নোটিশ প্রেরণকারী জনাব রুহুল আমিন সরকার কুমিল্লা জেলার দেবীদ্বার উপজেলাধীন দেবীদ্বার রিয়াজ উদ্দিন পাইলট মডেল হাই স্কুল-এ সপ এ্যাসিস্ট্যান্ট (জেনারেল মেকানিক্স) পদে চাকুরী করতেন।

২। চাকুরীর অবস্থায় ১নং নোটিশ প্রেরণকারীর প্রতিষ্ঠানটি ৩০/৮/২০১৭ জাতীয়করণ করা হয় এবং ২নং নোটিশ প্রেরণকারী প্রতিষ্ঠানটি পরে জাতীয়করণ করা হয়। উভয়ের চাকুরী যথাক্রমে ০৭/০১/২০২০ খ্রি. এবং ৩০/১০/২০১৯ খ্রি. তারিখে জাতীয়করণ করা হয় মর্মে উকিল নোটিশে উল্লেখ করা হয়েছে।

৩। উল্লেখ্য কারিগরি ও বৃত্তিমূলক শিক্ষায় তাদের (নোটিশ প্রেরণকারীদ্বয়ের) ল্যাব এ্যাসিস্ট্যান্ট পদের বেতন কোড ছিল ১৬ নং। কিন্তু প্রতিষ্ঠান দুটি জাতীয়করণের সময় তাদের Office Assistant পদে পদায়ন করা হয়েছে যা Technical education post নয় এবং বেতন কোড নং-২০ এবং উক্ত পদে তারা প্রাথমিকভাবে যোগদান করেছেন মর্মে উকিল নোটিশে উল্লেখ করা হয়েছে।

৪। উক্ত নোটিশে আরো উল্লেখ করা হয়েছে যে, নোটিশ গ্রহণকারী তথা শিক্ষা মন্ত্রণালয় কর্তৃক ২০/১১/২০০৮ তারিখে সূত্রোক্ত (২) নং স্মারকমূলে সিদ্ধান্ত হয়েছে যে, সপ এ্যাসিস্ট্যান্ট পদটি পরবর্তীতে ক্রাফট ইন্সট্রাক্টর (সপ/ল্যাব) পদে উন্নীত হবে।

৫। নোটিশ প্রদানকারীদ্বয়ের কারিগরি শিক্ষা এবং অভিজ্ঞতা যাতে কাজে লাগাতে পারে সে বিষয়ে ব্যবস্থা গ্রহণের জন্য নোটিশ প্রেরণকারীদ্বয় কর্তৃক ২৩/০৯/২০২০ তারিখে নোটিশ গ্রহণকারীর বরাবর আবেদন করেন কিন্তু এখনো সে বিষয়ে কোন জবাব না পাওয়ায় আলোচ্য উকিল নোটিশ প্রেরণ করা হয়েছে।

৬। বর্ণিত প্রেক্ষাপটে আলোচ্য উকিল নোটিশ প্রাপ্তির ০৩ (তিন) দিনের মধ্যে শিক্ষা মন্ত্রণালয় কর্তৃক ২০/১১/২০০৮ তারিখে সূত্রোক্ত (২) নং স্মারকে জারীকৃত পত্রের আলোকে ব্যবস্থা গ্রহণপূর্বক নোটিশ প্রেরণকারীদ্বয়কে যথাক্রমে ক্রাফট ইন্সট্রাক্টর (সপ) এবং ক্রাফট ইন্সট্রাক্টর (ল্যাব) পদে পদায়নের জন্য অনুরোধ জানানো হয়েছে। ব্যর্থতায় নোটিশ গ্রহণকারীর বিরুদ্ধে উপযুক্ত আইনী কার্যক্রম গ্রহণ করা হবে মর্মে উল্লেখ করা হয়েছে।

৭। এক্ষণে প্রাপ্ত উকিল নোটিশের পরিপ্রেক্ষিতে পরবর্তী ব্যবস্থা গ্রহণের নিমিত্ত নিম্নরূপ বিষয়ে তথ্য প্রয়োজন-

- (ক) উক্ত উকিল নোটিশের বিষয়ে কোন আইনগত পদক্ষেপ গ্রহণ প্রয়োজন আছে কিনা?
(খ) উক্ত নোটিশের উপর ভিত্তি করে কোন দেওয়ানী মামলা (রিট বা অন্য প্রকার) উদ্ভব হওয়ার আশংকা আছে কিনা?
(গ) উক্ত নোটিশের ভিত্তিতে ইতোমধ্যে কোন দেওয়ানি মামলার (রিট/অন্য প্রকার) উদ্ভব হয়েছে কিনা?
(ঘ) উক্ত নোটিশ বিষয়ে পরবর্তী কি পদক্ষেপ নেয়া যেতে পারে?

৮। এমতাবস্থায়, উপরিউক্ত মতে তথ্য (আগামি ১০/১২/২০২০ খ্রি. তারিখের মধ্যে) টিএমইডিতে প্রেরণ নিশ্চিত করার জন্য নির্দেশক্রমে মহোদয়কে অনুরোধ করা হলো।

(মো: আঃ খালেক মিয়া)
সিনিয়র সহকারী সচিব (আইন)
ফোন-৪১০৫০১৫৭।

মহাপরিচালক
কারিগরি শিক্ষা অধিদপ্তর
এফ-৪/বি, আগারগাঁও, ঢাকা।

অনুলিপি সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

- ১। সচিবের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
২। সিস্টেম এনালিস্ট, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয় (পত্রটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
৩। অতিরিক্ত সচিব (অডিট ও আইন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
৪। অতিরিক্ত সচিব (কারিগরি) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
৫। অফিস কপি/মাস্টার কপি।